গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমন্বিত নিয়ন্ত্রণ কেন্দ্র
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।
ইমেইলঃ bdcoronasaver@gmail.com

মুজিব বর্ষে স্বাস্থ্যখাত
এগিয়ে যাবে অনেক ধাপ

কোভিড-১৯ সংক্রান্ত পরিস্থিতি

তারিখ: ০৯ এপ্রিল, ২০২০
২৬ শে চৈত্র, ১৪২৬

স্বাস্থ্য অধিদপ্তরের আজকের স্বাস্থ্য বুলেটিন

স্বাস্থ্য অধিদপ্তরের করোনা বিষয়ক নিয়মিত সংবাদ সম্মেলনের অংশ হিসেবে আজ দুপুর ২.৩০ স্বাস্থ্য অধিদপ্তরের অতিরিক্ত-মহাপরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) অধ্যাপক ডাঃ সানিয়া তহমিনা ঝোরার পরিচালনায় অনলাইন প্রেস ব্রিফিং অনুষ্ঠিত হয়। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী, জনাব জাহিদ মালেক, এমপি মহোদয় ভিডিও কনফারেন্স এর মাধ্যমে ব্রিফিং-এ অংশ নেন। এছাড়াও ভিডিও কনফারেন্স এর মাধ্যমে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী ও বাংলাদেশ বেসরকারি মেডিকেল কলেজ এসোসিয়েশনের মহাসচিব ডাঃ মোঃ এনামুর রহমান, স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক ডাঃ আবুল কালাম আজাদ, বাংলাদেশ বেসরকারি মেডিকেল কলেজ এসোসিয়েশনের সভাপতি জনাব মবিন খান এবং পরিচালক, আইইডিসিআর, অধ্যাপক ডাঃ মীরজাদী সেব্রিনা ফ্লোরা প্রেস ব্রিফিং এ অংশ নেন।

ব্রিফিং এ মাননীয় মন্ত্রী জনাব জাহিদ মালেক, এমপি দেশের কোভিড-১৯ পরিস্থিতির বিস্তারিত বর্ণনা করেন এবং সকলকে ঘরে থেকে স্বাস্থ্যবিধি মেনে চলার এবং নিজের সুরক্ষা বজায় রাখার আহ্বান জানান। ব্রিফিং-এ অংশগ্রহণকারী অন্যান্য সকলেও জনগনকে ঘরে থেকে কোয়ারেন্টাইনের শর্তগুলো কঠোরভাবে মেনে চলার আহ্বান জানান।

বাংলাদেশ বেসরকারি মেডিকেল কলেজ এসোসিয়েশন দেশের কোভিড-১৯ পরিস্থিতি মোকাবেলায় সরকারের সাথে একাত্মতা প্রকাশ করে নিম্নোক্ত ঘোষণা দেয়ঃ
১) ঢাকার বাইরের ৬টি বেসরকারি মেডিকেল কলেজ হাসপাতালকে কোভিড-১৯ চিকিৎসায় ব্যবহার করার জন্য প্রস্তুত করা হচ্ছে।
২) প্রয়োজনে ঢাকার আনোয়ার খান মর্ডান মেডিকেল কলেজ হাসপাতাল ও ইউনিভার্সাল মেডিকেল কলেজ হাসপাতালের মোট ২৪টি আইসিইউ বেড কোভিড-১৯ চিকিৎসায় ব্যবহার করা হবে।
৩) এছাড়া দেশের ৬৯টি বেসরকারী মেডিকেল কলেজ হাসপাতালে করোনা ব্যতীত স্বাভাবিক চিকিৎসাসেবা প্রদান অব্যাহত রয়েছে।

বাংলাদেশে কোভিড-১৯ পরীক্ষা ও সনাক্তকৃত রোগী)

পরীক্ষাকৃত		সনাক্ত		মৃত্যু		অদ্যাবধি সুস্থ	চিকিৎসাধীন
গত ২৪ ঘণ্টায়	৯ এপ্রিল পর্যন্ত	গত ২৪ ঘণ্টায়	৯ এপ্রিল পর্যন্ত	গত ২৪ ঘণ্টায়	৯ এপ্রিল পর্যন্ত	৩৩	২৭৬
৯০৫	৬,১৭৫	১১২	৩৩০	১	২১		

প্রতিষ্ঠানভিত্তিক নমুনা সংগ্রহ ও সম্পাদিত পরীক্ষার তথ্যাদিঃ

প্রতিষ্ঠান		কোভিড-১৯ পরীক্ষা		
		নমুনা সংগ্রহ (২৪ ঘণ্টা)	পরীক্ষা (পূর্বের নমুনা সহ) (২৪ ঘণ্টা)	সর্বমোট
ঢাকায়	১) আর্মড ফোর্সেস ইন্সটিটিউট অব প্যাথলজি	১১	১১	৫৪

	২) বিএসএমএমইউ	৫৯	৫৯	১৯৭
	৩) ঢাকা শিশু হাসপাতাল	৬৩	৬৩	১৫৯
	৪) ঢাকা মেডিকেল কলেজ	২০	২০	৭৩
	৫) আইসিডিডিআরবি	৭৮	১৫	৫৪১
	৬) আইদেশী	৩৮	৩৮	১৮৪
	৭) আইপিএইচ	৬৯	৬৯	৮২৪
	৮) আইইডিসিআর	২২৭	২২৭	২৭০৩
	৯) ন্যাশনাল ইন্সিটিউট অফ ল্যাবরেটরী মেডিসিন	৫৩	৫৩	২৩৩
ঢাকার ভিতরে মোট		**৬১৮**	**৫৫৫**	**৪৯৬৮**
ঢাকার বাইরে	১) বিআইটিআইডি	১০১	১০১	৩১০
	২) কক্সবাজার মেডিকেল কলেজ	২৭	২৪	৭৩
	৩) ময়মনসিংহ মেডিকেল কলেজ	৫০	৫০	২৮৯
	৪) রাজশাহী মেডিকেল কলেজ	৯৪	৭৩	২০৫
	৫) রংপুর মেডিকেল কলেজ	৫৬	৫৬	১৭৮
	৬)সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ	১২৯	২৪	১১৮
	৭) খুলনা মেডিকেল কলেজ	২২	২২	৩৪
ঢাকার বাইরে মোট		**৪৭৯**	**৩৫০**	**১২০৭**

সর্বমোট	**১০৯৭**	**৯০৫**	**৬১৭৫**

টেস্ট কিট্স ও লজিস্টিক মজুদ এবং সরবরাহ সম্পর্কিত তথ্য (০৯-০৪-২০২০ সকাল ৮:০০টা পর্যন্ত) (সূত্রঃ সিএমএসডি, স্বাস্থ্য অধিদপ্তর)

সরঞ্জামের নাম	মোট সংগ্রহ	মোট বিতরণ	বর্তমান মজুদ
পিপিই (PPE)	৯,১৩,৫৭৬	৪,৯৪,৬৪৪	৪,১৮,৯৩২
টেস্ট কিট্স	৯২,০০০	২১,০০০	৭১,০০০
*সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্রগুলোতে মজুদ থাকায় নুতন কিট্স সরবরাহের প্রয়োজন হয়নি।			

কোয়ারেন্টাইন সম্পর্কিত তথ্য

(সূত্রঃ হেল্থ ইমারজেন্সি এন্ড অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম, স্বাস্থ্য অধিদপ্তর)

স্থান	**গত ২৪ ঘন্টায় (৮ এপ্রিল সকাল ৮:০০ থেকে ৯ এপ্রিল সকাল ৮:০০)**		**অদ্যাবধি**		**বর্তমানে মোট কোয়ারেন্টাইন**
	কোয়ারেন্টাইন	**ছাড়**	**কোয়ারেন্টাইন**	**ছাড়**	
হোম কোয়ারেন্টাইন	১,৩৩৭	৮৪২	৬৯,১৯১	৫৮,৭৮৩	১০,৪০৮
হাসপাতাল ও অন্যান্য কোয়ারেন্টাইন	১৪৯	১৪	৬১৯	২৪০	৩৭৯
সর্বমোট	১,৪৮৬	৮৫৬	৬৯,৮১০	৫৯,০২৩	১০,৭৮৭

এছাড়া গত ২৪ ঘন্টায় (গতকাল সকাল ৮.০০ টা থেকে আজ সকাল ৮.০০ টা পর্যন্ত) আশকোনা হজ্জ ক্যাম্পে ২৪ জন ও বেনাপোল পৌর কমিউনিটি সেন্টার, শার্শা, যশোর কেন্দ্রে ৯০ জন সহ মোট ১১৪ জন প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টাইনে রয়েছে।
পাবুর কেন্দ্র, কাপাসিয়া ও মেঘডুবি কেন্দ্র, গাজীপুরে বর্তমানে কেউ প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টাইনে নাই।

আইসোলেশন সম্পর্কিত তথ্য (সূত্রঃ আইইডিসিআর)

গত ২৪ ঘন্টায় আইসোলেশন	**বর্তমানে আইসোলেশনে রয়েছেন**

(৮ এপ্রিল দুপুর ১২:০০ থেকে ৯ এপ্রিল দুপুর ১২:০০)	
৩৭	১৩৫

মোবাইল ফোনে কোভিড-১৯ এর সেবা প্রদান (সূত্রঃ এমআইএস/আইইডিসিআর, স্বাস্থ্য অধিদপ্তর)

হটলাইন	গত ২৪ ঘন্টা	অদ্যাবধি সর্বমোট
১৬২৬৩ (স্বাস্থ্য বাতায়ন)	৬৫,৫৪২	১৪,৮১,৫৮৩
৩৩৩	৪৮,৮০৫	২,৪৫,৩৪৭
আইইডিসিআর (১০৬৫৫; ০১৯৪৪৩৩৩২২২)	৪,২০০	১,০৯,৯০৮
মোট ফোন কলের সংখ্যা	১,১৮,৫৪৭	১৮,৩৬,৮৩৮

স্বেচ্ছাসেবী হিসেবে করোনাভাইরাস সংক্রমণ সংক্রান্ত তথ্য ও চিকিৎসাসেবা প্রদানে হটলাইনে যুক্ত চিকিৎসক সংখ্যা (০৯-০৪-২০২০ সকাল ০৮:০০টা পর্যন্ত): ২,৮১৮।

কোভিড-১৯ চিকিৎসা ব্যবস্থাপনা ও হাসপাতাল সংক্রমণ এবং নিয়ন্ত্রণের জন্য প্রশিক্ষনঃ (০৯-০৪-২০২০ সকাল ০৮:০০ ঘটিকা পর্যন্ত)

চিকিৎসক	নার্স
৩,০৮৫	১,০৫৪

বিমান/সমুদ্র/স্থল বন্দর ও রেল স্টেশনে বিদেশ হতে আগত যাত্রীদের স্ক্রিনিং সম্পর্কিত তথ্য (সূত্রঃ হেল্থ ইমারজেন্সি এন্ড অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম, স্বাস্থ্য অধিদপ্তর)

বিমান/সমুদ্র/স্থল বন্দর ও রেল স্টেশন	গত ২৪ ঘন্টা	অদ্যাবধি সর্বমোট
আন্তর্জাতিক বিমানবন্দর সমূহ	৪৭	৩,২২,৪৮৫
সমুদ্রবন্দর সমূহ	১৫৬	১২,৬৪৪
স্থলবন্দর সমূহ	৬৪	৩,২৬,৮০৯
ক্যান্টনমেন্ট রেলওয়ে স্টেশন	০০	৭,০২৯
মোট স্ক্রিনিংকৃত যাত্রীর সংখ্যা	২৬৭	৬,৬৮,৯৬৭

স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক করোনাভাইরাস (COVID-19) প্রতিরোধ ও নিয়ন্ত্রণ নিম্নোক্ত গাইডলাইন সমূহ তৈরী করা হয়েছে।

এ পর্যন্ত ২১টি গাইডলাইন প্রস্তুত করা হয়েছে। এগুলো পাওয়া যাবে স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েব সাইটেঃ www.dghs.gov.bd অথবা www.corona.gov.bd

বৈশ্বিক ও আঞ্চলিক করোনা পরিস্থিতি (সূত্র: বিশ্ব স্বাস্থ্য সংস্থা – Situation Report)

	গত ২৪ ঘন্টা		অদ্যাবধি সর্বমোট	
	সনাক্ত	মৃত্যু	সনাক্ত	মৃত্যু
দক্ষিণ-পূর্ব এশিয়া	১৫৭৫	৬৪	১০,৭০৭	৪২৬
সারা বিশ্ব	৭৩,৬৩৯	৬,৬৯৫	১৩,৫৩,৩৬১	৭৯,২৩৫

অধ্যাপক ডাঃ সানিয়া তহমিনা ঝোরা
অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)
স্বাস্থ্য অধিদপ্তর